



ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় বাহরাইনে প্রবাসী বাংলাদেশি নিহত



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় বাহরাইনে এক বাংলাদেশি শ্রমিক প্রাণ হারিয়েছেন। এ ঘটনায় আরও দুজন আহত হয়েছেন। দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. রইস হাসান সরোয়ার হতাহতের তথ্য নিশ্চিত করেছেন।

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ অভিযানের পাল্টা প্রতিক্রিয়ায় গত শনিবার থেকে বিভিন্ন দেশে মার্কিন স্থাপনাকে লক্ষ্য করে হামলা চালাচ্ছে ইরান। এরই ধারাবাহিকতায় সোমবার (২ মার্চ) স্থানীয় সময় সকালে বাহরাইনের রাজধানী মানামার উপকূলসংলগ্ন সমুদ্র এলাকায় ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষ একটি জাহাজে এসে পড়লে হতাহতের ঘটনা ঘটে।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বার্তায় বাহরাইনের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানায়, বিস্ফোরণের পর যে আগুন লাগে তা দ্রুত নিয়ন্ত্রণে আনা হয়েছে।

নিহত প্রবাসীর নাম মোহাম্মদ তারেক (৪৮)। তিনি চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলার আজিমপুর ইউনিয়নের বাসিন্দা। ভোরে বাহরাইনের একটি ড্রাইডক শিপইয়ার্ডে কর্মরত অবস্থায় হামলার শিকার হন তিনি। আহত দুজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে বলে কূটনৈতিক সূত্রে জানা গেছে।